

দরপত্র বিজ্ঞপ্তি নং : ১৭ অব ২০২৩-২৪ (১ম বার)

তারিখ : ০৫/১২/২০২৩খ্রিঃ।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সামাজিক বন বিভাগ, বগুড়া-এর অধীন বগুড়া ও জয়পুরহাট জেলার বিভিন্ন উপজেলায় সামাজিক বনায়নে সৃজিত স্ট্রীপ বাগানে উন্নয়নমূলক কাজের স্বার্থে/ আবর্তকাল পূর্ণ স্ট্রীপ বাগানের মার্কাকৃত খাড়া গাছ; বিভিন্ন সময়ে আহরিত/সংগৃহীত, ঝড়ে ক্ষতিগ্রস্ত প্রভৃতি গাছ ও জন্মকৃত কাঠ/জ্বালানী/বন্ধী/খুঁটি ইত্যাদি লট আকারে বিক্রির জন্য ট্রেড লাইসেন্সধারী সাধারণ ব্যবসায়ী / যে কোন বন বিভাগ হতে হালনাগাদকৃত কাঠের ডিপো লাইসেন্সধারী ব্যক্তি/ বৈধ 'স' মিলের মালিক/ বৈধ ফার্ণিচারমার্ট মালিক/ সামাজিক বনায়নের উপকারভোগী সদস্যদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

প্রতিটি লটের/ গ্রুপের দরপত্র সিডিউল (ছকপত্র) টাঃ ৪০০/- (টাকা চারশত) মাত্র অফেরতযোগ্য মূল্যে বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া এর কার্যালয়; রেঞ্জ কর্মকর্তা সদর রেঞ্জ, বগুড়া এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, শেরপুর/ দুপচাঁচিয়া/ কালাই/ জয়পুরহাট এসএফএনটিসি এর কার্যালয় হতে (সরকারী ছুটির দিন ব্যতীত) আগামী ০৬/১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৭/১২/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্রসমূহ আগামী ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া এর কার্যালয়; নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়; জেলা প্রশাসক, বগুড়া ও জয়পুরহাট -এর কার্যালয় এবং পুলিশ সুপার, বগুড়া-এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐদিন অর্থাৎ ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৩:০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) দরপত্র ওপেনিং কমিটি কর্তৃক দাখিলকৃত দরপত্রসমূহ খোলা এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্রসমূহ মূল্যায়ন করা হবে।

দরপত্র দাতাগণকে দরপত্র দাখিলের পূর্বে সরেজমিন খাড়া মার্কাকৃত বাগানের অবস্থান, লটে খাড়া গাছের সংখ্যা, কাঠ ও জ্বালানীর পরিমাণ ইত্যাদি যথাযথভাবে শতভাগ পরীক্ষা করতঃ দরপত্র দাখিলের জন্য পরামর্শ দেয়া গেল। দরপত্র গ্রহণের পর বিক্রিত লটের বনজ দ্রব্যের ব্যাপারে কোন প্রকার/ধরণের ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

দরপত্রের শর্তাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/রেঞ্জ কর্মকর্তা,সদর রেঞ্জ,বগুড়া এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা,শেরপুর/ দুপচাঁচিয়া/ কালাই/ জয়পুরহাট এসএফএনটিসি-এর কার্যালয় হতে আগামী ০৬/১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৬/১২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন দেখা ও জানা যাবে।



(মোঃ মতশুবুর রহমান)

পরিচিতি নং-১৩২৪৩

বিভাগীয় বন কর্মকর্তা

ফোনঃ ০২৫৮৯৯০৫১৬৪

ই-মেইলঃ dfobogra@gmail.com

০৫/১২/২৩